

মূলঘর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক সংকট

ফকিরহাট (বাগেরহাট), ১৭ মে (সংবাদদাতা)।— মূলঘর সরকারী মাধ্যমিক বালক বিদ্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নেই। দায়িত্বশীল মহল সূত্রে জানা গেছে, ৬ষ্ঠ শ্রেণী থেকে ১০ম শ্রেণী পর্যন্ত ৫টি ক্লাসে প্রতি ক্লাসে ২টি করে মোট ১০টি শাখার জন্য অন্ততঃ ২৪ জন শিক্ষকের প্রয়োজন। সেখানে বর্তমানে মাত্র ১১ জন শিক্ষক নিয়োজিত আছেন। শিক্ষক স্বল্পতার জন্য ছাত্রদের লেখাপড়া ব্যাহত হচ্ছে।

মূলঘর সরকারী মাধ্যমিক বিদ্যালয়টি এতদঞ্চলের একটি সপ্রাচীন ও

ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। ১৮৫৭ সালে বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। ১৯৮৬ সালে বিদ্যালয়টি সরকারীকরণ করা হয়। সরকারীকরণের পর প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ না করায় প্রধান শিক্ষকসহ মাত্র ১১ জন শিক্ষকের পক্ষে ১০টি শাখায় নিয়মিত ক্লাস নেয়া সম্ভব হচ্ছে না। এর ফলে ছাত্রদের লেখাপড়া দারুণভাবে ব্যাহত হচ্ছে বলে ছাত্র ও অভিভাবকদের তরফ হতে অভিযোগ পাওয়া গেছে। একেইজন শিক্ষকের পক্ষে যে পরিমাণ ক্লাস নেয়া প্রয়োজন তার চেয়ে অধিকসংখ্যক ক্লাস নিতে হচ্ছে বলে পড়াশুনার মান কমে যাচ্ছে। অন্যদিকে শিক্ষকদের উপরও চাপ বেশী পড়ছে।